

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ১৩৮২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৪. প্রথম অনুচ্ছেদ - পবিত্রতা অর্জন ও সকাল সকাল মসজিদে গমন

بَابُ التَّنْظِيفِ وَالتَّبَكُّيرِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ. عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ اغْتَسَلَ ثُمَّ أَتَى الْجُمُعَةَ فَصَلَّى مَا قُدِّرَ لَهُ ثُمَّ أَنْصَتَ حَتَّى يَفْرُغَ مِنْ خُطْبَتِهِ ثُمَّ يُصَلِّيَ مَعَهُ غُفِرَ لَهُ مَا بَيْنَهُ وَبَيْنَ الْجُمُعَةِ الْأُخْرَى وَفَضْلُ ثَلَاثَةِ أَيَّامٍ». رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

১৩৮২-[২] আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি গোসল করে জুমু'আর সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে এসেছে ও যতটুকু সম্ভব হয়েছে সালাত আদায় করেছে, ইমামের খুত্ববাহ্ (খুতবা) শেষ হওয়া পর্যন্ত চুপচাপ রয়েছে। এরপর ইমামের সাথে সালাত (ফরয) আদায় করেছে। তাহলে তার এ জুমু'আহ্ থেকে বিগত জুমু'আর মাঝখানে, বরং এর চেয়েও তিন দিন আগের গুনাহসমূহ মাফ করে দেয়া হবে। (মুসলিম)[১]

ফুটনোট

[১] সহীহ : মুসলিম ৮৫৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা : এখানে দলীল হলো যে, জুমু'আর পূর্বে সুন্নাত আদায় করাটা শারী'আত সম্মত এবং নিশ্চয়ই তার কোন সীমারেখা নেই। হাফিয আসক্কালানী (রহঃ) তা উল্লেখ করেছেন ফাতহুল বারীতে (৪র্থ খন্ড, ৫০৯ পৃঃ) এবং যায়লা'ঈ উল্লেখ করেছেন আন্ নাসবুর রায়াহ (২য় খন্ড, ২০৬, ২০৭ পৃষ্ঠায়)।

এমনকি তার জন্য এক সপ্তাহের সাথে অতিরিক্ত তিন দিনের গুনাহ ক্ষমা করা হবে। যাতে নেকী ১০ গুণ হয়। আল্লামা নাবাবী (রহঃ) বলেন, এখানে দু' জুমু'আর মধ্যবর্তী দিন ও অতিরিক্ত তিন দিনের মাগফিরাতের অর্থ হলো,

নিশ্চয় নেকী ১০ গুণ প্রদান করা হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55942>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন